

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯১(আগরতলা-২০১০৪)
কৈলাসহর, ২০ এপ্রিল' ১৭

উনকোটি জেলা হাসপাতালে জনঔষধি কেন্দ্র

গতকাল উনকোটি জেলা হাসপাতালে 'প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি কেন্দ্র'র উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, জেনেরিক মেডিসিন সাধারণ গরীব মানুষের জন্যে সহায়ক হবে। অনুষ্ঠানে গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শান্তি সিনহা ও চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মধুময় মালাকার, কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারম্যান মনীষ সাহা ও জেলা হাসপাতালের ভারপ্রাপ্ত সুপার ডাঃ বাপু সেন আলোচনা করেন। প্রত্যেক বক্তাই বলেন, কম দামে জেনেরিক মেডিসিনের চাহিদা বাড়ছে। সে ক্ষেত্রে এই কেন্দ্রটিও রোগীদের সাহায্যে আসবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ত্রিপুরা মার্কেফেড-এর চেয়ারম্যান হরিশংকর দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন ব্যুরো অফ ফার্মা পাবলিক সেক্টর আন্ডারটেকিং অব ইন্ডিয়া-র ম্যানেজিং ডিরেক্টর পদকুমার দেববর্মা।

This document was purchased from
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com